

শুভেচছা রইল

খবর টা আমার কাছে বিনা মেঘে বজ্রপাতের মতন, যে শ্রদ্ধেয় জিয়া ভাই সদালাপের সম্পাদনার ভার ছেড়ে দিচ্ছেন এবং কেউ এর দায়িত্ব না নিতে চাইলে তিনি সদালাপ কে স্থায়ী ভাবে বন্ধ করে দিবেন। তার হঠাৎ এ ধরনের সিদ্ধান্তে বড্ড কষ্ট পেলাম। কারণ শ্রদ্ধেয় আবু সাঈদ মাহফুজ ভাইয়ের পরই তিনি আমার দ্বিতীয় পছন্দের লেখক। আমি ঠিক এখনও বুঝে উঠতে পারছি না যে দীর্ঘ সাড়ে ৫ বছর পর নিজ দেশে ভ্রমণ করে এমন কি হল যে তিনি এই সিদ্ধান্ত নিলেন? তবে জিয়া ভাই কে এটুকুন বলতে পারি এই সদালাপ মোটেও অচেনা নয় বরং বাংলাদেশ ও পৃথিবীর বিভিন্ন দেশের প্রবাসী লক্ষাধিক বাংলাদেশীরা সদালাপ সম্বন্ধে অবগত আছেন। কাজেই দেশ ও জাতির মঙ্গলার্থে কাঙ্ক্ষিত সময়ে যথার্থ উন্নয়ন না হওয়া টা জনাব জিয়ার মোটেও ব্যর্থতা নয়। যদি আপনি ব্যর্থ হন তো দেশের সকল সাধারণ জনগণ সমভাবে ব্যর্থ। তো যাই হোক সুইটজারল্যান্ডের জুরিখ শহরের প্রবাসী বাংলাদেশী জনাব মোহাম্মদ আমান উল্লাহ সদালাপের দায়িত্ব নেওয়ার জন্য রাজি হয়েছেন। আপনাকে আন্তরিক ভাবে ধন্যবাদ ও শুভেচছা। আশা করি সদালাপ আপনার দ্বারা আরও প্রাণবন্ত হয়ে উঠবে। আশা করি জিয়া ভাই শুধু চিরকুটই নয় বরং অন্যান্য লেখা নিয়মিত লিখবেন। সেতারা হাশেমের এবং নাজমা মোস্তফার লেখনী নিয়মিত দেখব। আর নুরুল্লাহ মাসুম ভাইয়ের প্রতি অনুরোধ তিনি যেন সদালাপে নিয়মিত ভাবেই লিখেন। এছাড়াও সদালাপের অন্যান্য নিয়মিত ও অনিয়মিত লেখক-লেখিকার দের প্রতি অনুরোধ তারাও যেন সদালাপে লেখা দেন এবং নতুন সম্পাদক কে বিভিন্ন ভাবে সহায়তা করেন তাতে করে সদালাপ আরও আকর্ষণীয় হয়ে উঠবে। ঢাকাইয়া কে ধন্যবাদ যে তিনি সদালাপের একজন শুভাকাঙ্ক্ষী। যদিও আমি ভাল ভাবেই জানি আপনি আসলে কে। তো আপনার কাছেও অনুরোধ আপনিও যেন সদালাপে নিয়মিত লেখা দেন বা অন্য পোর্টালে আপনার লেখা দেখি। নুরুল্লাহ মাসুম ভাইয়ের মতন অনিয়মিত হবেন না বরং সেতারা হাশেমের মতন প্রাণবন্ত লেখা নিয়মিত দিবেন। তো সর্বশেষে নতুন সদালাপের সম্পাদক জনাব আমান উল্লাহ কে অভিনন্দন এবং সদালাপের দীর্ঘায়ু ও সাফল্য কামনা করি।

মোঃ মোস্তফা কামাল,

ঢাকা; ৪ ঠা মার্চ, ২০০৫।